রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৭ সনের ৩৪ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২৪, ২০১৭

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬০৯—৬২৪ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১২৪৭—১২৮৯ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৯৯—২০২ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকরি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৯৬৫—৯৮৪ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিবিধ প্রজ্ঞাপনসমূহ।

### জাতীয় রাজস্ব বোর্ড
### [ শুল্ক ]

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ০৩ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ/১৮ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৬২/২০১৭/কাস্টমস/৩২২**—The Customs Act, 1969 (Act-IV of 1969) Gi Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় অবস্থিত মেসার্স বেলাজিও লিমিটেড নামীয় শুল্কমুক্ত বিপণীর (বন্ড লাইসেন্স নং-১৭৪/কাস-এসবিডব্লিউ/২০১৫, তারিখ: ০৬-১২-২০১৫) অনুকূলে ২০১৭-১৮ অর্থবছরে নিম্নেবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো:

| ক্রমিক নং | পণ্যের বিবরণ | আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| (১) | সিগারেট, সিগার ও টোব্যাকো | ৩,৫০,০০০.০০ |
| (২) | লিকার ও অন্যান্য ড্রিংকস (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে) | ১,৩০,০০০.০০ |
| (৩) | কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী | ১০,০০০.০০ |
| (৪) | কনফেকশনারী, ইলেক্ট্রনিক্স, গিফট আইটেম, জুয়েলারী ও নন অ্যালকোহলিক বেভারেজ | ১০,০০০.০০ |
| | সর্বমোট= | ৫,০০,০০০.০০ |

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**নং ৬৪/২০১৭/কাস্টমস/৩২১**—The Customs Act, 1969 (Act-IV of 1969) Gi Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মংলা সমুদ্র বন্দরে অবস্থিত মেসার্স বেলাজিও লিমিটেড নামীয় শুল্কমুক্ত বিপণীর (বন্ড লাইসেন্স নং-এস/০১/বন্ড লাইঃ/ বেলাজিও/মংলা/২০১৬, তারিখঃ ১২-০৪-২০১৬) অনুকূলে ২০১৭-১৮ অর্থবছরে নিম্নেবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলোঃ

| ক্রমিক নং | পণ্যের বিবরণ | আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| (১) | সিগারেট, সিগার ও টোব্যাকো | ১,৭৮,৫০০.০০ |
| (২) | লিকার ও অন্যান্য ড্রিংকস (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে) | ১,৭৪,২৫০.০০ |
| (৩) | কসমেটিক্স ও টয়লেট্রিজ সামগ্রী | ৩৮,২৫০.০০ |
| (৪) | কনফেকশনারী, ইলেক্ট্রনিক্স, গিফট আইটেম, জুয়েলারী ও নন অ্যালকোহলিক বেভারেজ | ৩৪,০০০.০০ |
| | সর্বমোট= | ৪,২৫,০০০.০০ |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**এ. এফ. এম. শাহরিয়ার মোল্লা**
সদস্য (শুল্কঃ রপ্তানি, বন্ড ও আইটি)।

---

**[ কাস্টমস ]**

**আদেশ**

তারিখঃ ১৭ জুলাই ২০১৭ খ্রিঃ

**সূত্র ঃ—** (১) **জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ নং-৬০/২০১৭/কাস্টমস/২৯০, তারিখঃ ১৮-০৬-১৭;**

(২) **মেসার্স র‍্যাংগস্ ইলেক্ট্রনিক্স লিঃ এর আবেদন।**

**নং ৬৭/২০১৭/কাস্টমস/৩২০**—সূত্রোক্ত পত্রসমূহ জাতীয় রাজস্ব বোর্ডে পর্যালোচনা করা হয়েছে। পর্যালোচনান্তে, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় অবস্থিত মেসার্স র‍্যাংগস্ ইলেক্ট্রনিক্স লিঃ এর ২০১৬-২০১৭ অর্থবছরের জন্য সূত্রোক্ত-০১ নং পত্রের মাধ্যমে প্রদত্ত বার্ষিক অমদানি প্রাপ্যতার মেয়াদ The Customs Act, 1969 এর Section-13(2)(c) এ প্রদত্ত ক্ষমতাবলে ০৩ মাস অর্থাৎ ৩০-০৯-২০১৭ তারিখ পর্যন্ত বৃদ্ধি করতে জাতীয় রাজস্ব বোর্ড সম্মতি জ্ঞাপন করছে

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মুহাম্মদ ইমতিয়াজ হাসান**
দ্বিতীয় সচিব (কাস্টমস রপ্তানি ও বন্ড)।

---

**বিচার শাখা-৭**
**আইন ও বিচার বিভাগ**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আদেশ**

তারিখঃ ১৩ জুলাই ২০১৭ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-৩৫/৮৮(অংশ-১)-৬০৭**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে অপনাকে জনাব মোঃ হুজাইফা, পিতা-মৃত আব্দুল গফুর, মাতা-মোছাঃ রাবেয়া, মহল্লা-সতিষা, ০৫ নং ওয়ার্ড, ডাকঘর-গৌরীপুর, উপজেলা-গৌরীপুর, জেলা-ময়মনসিংহ। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ময়মনসিংহ জেলার গৌরীপুর পৌরসভার ০৪, ০৫ ও ০৬ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জি,এম, নাজমুছ শাহাদাৎ**
সিনিয়র সহকারী সচিব।

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**আদেশ**

তারিখ: ২২ আষাঢ় ১৪২৪/০৬ জুলাই ২০১৭

**নং ৩৮.০০.০০০০.০০৪.০৪.০০৪.০৪.০০২.১৭-১৫৩**—যেহেতু, জনাব মোহাম্মদ আকবর আলী, উপজেলা শিক্ষা অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা (সাবেক উপজেলা শিক্ষা অফিসার, গাংনী, মেহেরপুর)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩ (এ) ও ৩ (বি) অনুযায়ী অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক কাগজপত্র পর্যলোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের স্বপক্ষে যথাযথ প্রমাণাদি পাওয়া যায়নি এবং তাকে অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোহাম্মদ আকবর আলী, উপজেলা শিক্ষা অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা (সাবেক উপজেলা শিক্ষা অফিসার, গাংনী, মেহেরপুর)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(এ) মোতাবেক বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আসিফ-উজ-জামান**
সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০১ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ/১৬ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০০৯.১৭-১৫৩**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারার ৭নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে:

| ক্রমিক নং | মৌজার নাম | জেল এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১ | সংরাইস | ১৬০ | কুমিল্লা সদর | কুমিল্লা |
| ২ | সাহাপুর | ১৯৩ | কুমিল্লা সদর | কুমিল্লা |
| ৩ | গজারিয়া | ১১ | চৌদ্দগ্রাম | কুমিল্লা |
| ৪ | তালতলা | ১৮ | চৌদ্দগ্রাম | কুমিল্লা |
| ৫ | পূর্ব কাশীপুর | ৬২ | চৌদ্দগ্রাম | কুমিল্লা |
| ৬ | ঘাসিগ্রাম | ৬৩ | চৌদ্দগ্রাম | কুমিল্লা |
| ৭ | বিজয়পুর | ৮৩ | চৌদ্দগ্রাম | কুমিল্লা |
| ৮ | ভাঙ্গাপুস্করনী | ১০৬ | চৌদ্দগ্রাম | কুমিল্লা |
| ৯ | ডুমুরিয়া | ১০৭ | চৌদ্দগ্রাম | কুমিল্লা |
| ১০ | রাজাপুর | ১১৩ | চৌদ্দগ্রাম | কুমিল্লা |
| ১১ | ত্রিশকোট | ১১৪ | চৌদ্দগ্রাম | কুমিল্লা |
| ১২ | বিজয়পুর | ১১৬ | চৌদ্দগ্রাম | কুমিল্লা |
| ১৩ | কাচারীপাড়া | ১১৭ | চৌদ্দগ্রাম | কুমিল্লা |
| ১৪ | তেলিহাটী | ১৫৮ | চৌদ্দগ্রাম | কুমিল্লা |
| ১৫ | গজারিয়াজলা | ২৯২ | চৌদ্দগ্রাম | কুমিল্লা |
| ১৬ | ফুলগ্রাম | ৩১০ | চৌদ্দগ্রাম | কুমিল্লা |

| ক্রমিক নং | মৌজার নাম | জেল এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| ১৭ | আকুবপুর | ৩৪৯ | চৌদ্দগ্রাম | কুমিল্লা |
| ১৮ | মারকোটা | ৩৫৭ | চৌদ্দগ্রাম | কুমিল্লা |
| ১৯ | তিলনারী | ৩৬০ | চৌদ্দগ্রাম | কুমিল্লা |
| ২০ | কোদালিয়া | ৩৬১ | চৌদ্দগ্রাম | কুমিল্লা |
| ২১ | গাংরা | ৩৬৪ | চৌদ্দগ্রাম | কুমিল্লা |
| ২২ | গনইকরা | ৩৯২ | চৌদ্দগ্রাম | কুমিল্লা |
| ২৩ | কাতালিয়া | ২৮ | লাকসাম | কুমিল্লা |
| ২৪ | উত্তর পাইক পাড়া | ৩৯ | লাকসাম | কুমিল্লা |
| ২৫ | ছোট তুলা | ৮৮ | লাকসাম | কুমিল্লা |
| ২৬ | সাধুর কলমিয়া | ৯৪ | লাকসাম | কুমিল্লা |
| ২৭ | চৌদ্দ দোনা | ১০২ | লাকসাম | কুমিল্লা |
| ২৮ | জামমুড়া | ১১৪ | লাকসাম | কুমিল্লা |
| ২৯ | গজারিয়া | ১৬০ | লাকসাম | কুমিল্লা |
| ৩০ | কুন্দ্রা | ১৬২ | লাকসাম | কুমিল্লা |
| ৩১ | রাম বল্লভপুর | ১৬৬ | লাকসাম | কুমিল্লা |
| ৩২ | পশ্চিম ফতেপুর | ২৩৪ | লাকসাম | কুমিল্লা |
| ৩৩ | চতন্তর | ৩৩ | হাজীগঞ্জ | চাঁদপুর |
| ৩৪ | বরকুল | ১০৮ | হাজীগঞ্জ | চাঁদপুর |
| ৩৫ | হরিপুর | ১১৩ | হাজীগঞ্জ | চাঁদপুর |
| ৩৬ | গন্ধর্ববপুর | ১২৮ | হাজীগঞ্জ | চাঁদপুর |
| ৩৭ | গোবিন্দপুর | ১০৬ | মতলব | চাঁদপুর |
| ৩৮ | চর শিবপুর | ২১ | বাঞ্ছারামপুর | ব্রাহ্মণবাড়িয়া |
| ৩৯ | দাসকান্দি | ২২ | বাঞ্ছারামপুর | ব্রাহ্মণবাড়িয়া |
| ৪০ | চুনারচর | ২৪ | বাঞ্ছারামপুর | ব্রাহ্মণবাড়িয়া |
| ৪১ | চর কল্যানপুর | ২৮ | বাঞ্ছারামপুর | ব্রাহ্মণবাড়িয়া |
| ৪২ | কালিকাপুর | ২৯ | বাঞ্ছারামপুর | ব্রাহ্মণবাড়িয়া |
| ৪৩ | কৃষ্ণনগর | ৩১ | বাঞ্ছারামপুর | ব্রাহ্মণবাড়িয়া |
| ৪৪ | কল্যানপুর | ৩২ | বাঞ্ছারামপুর | ব্রাহ্মণবাড়িয়া |
| ৪৫ | ভিটি ঝগড়ারচর | ৫৫ | বাঞ্ছারামপুর | ব্রাহ্মণবাড়িয়া |
| ৪৬ | মীরপুর | ৫৭ | বাঞ্ছারামপুর | ব্রাহ্মণবাড়িয়া |
| ৪৭ | ছলিমাবাদ | ৫৯ | বাঞ্ছারামপুর | ব্রাহ্মণবাড়িয়া |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রফিকুল ইসলাম**
যুগ্মসচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**আদেশ**

তারিখ : ০৩ শ্রাবণ ১৪২৪/১৮ জুলাই ২০১৭

নং **২৩.০০.০০০০.০৯০.২৮.০১.০৮(অংশ-১)-২৮৮**—নির্দেশিত হয়ে ২৪ মে ২০১২ তারিখ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫.০০.০০০০.১৬১.২৮.১০১.৮৯-২৮৯ নং স্মারক ও ০৬ মে ২০১৩ তারিখ অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ শাখা-১ এর ০৭.১৫১.০২৬.০০.৩৪.২০১২/১২১ নং স্মারকের মাধ্যমে পদ সৃজনের সম্মতি, প্রতিরক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ১৩তম সভার সুপারিশ এবং প্রশাসনিক মন্ত্রণালয়ের সচিব স্বাক্ষরিত খসড়া নিয়োগ বিধিমালা-২০১৩ অনুযায়ী সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্তির জন্য নবসৃজিত

উপপরিচালক ০১ (এক) টি পদের বেতনস্কেল নির্ধারণের ক্ষেত্রে নিয়োগ যোগ্যতা নিম্নরূপভাবে সংশোধনী আনয়নে অর্থ বিভাগ কতিপয় শর্তে সম্মতি জ্ঞাপন করেছেঃ

| ক্রঃ নং | পদের নাম ও সংখ্যা | অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক নির্ধারণকৃত বেতনগ্রেড (জাতীয় বেতনস্কেল, ২০০৯) | ০৯-০২-২০১৪ তারিখ অর্থ বিভাগ, বাস্তবায়ন অনুবিভাগের ২৬ নং স্মারকে নির্ধারিত যোগ্যতা/অভিজ্ঞতা | সংশোধিত নিয়োগ যোগ্যতা/অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | উপপরিচালক ০১ (এক) টি | টাকা ২২২৫০-৩১২৫০ (গ্রেড-৫) | খসড়া নিয়োগ বিধিমালা অনুযায়ী নিয়োগ যোগ্যতাঃ উপসচিব/সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার কর্মকতাগণ নিজ বেতনস্কেলে প্রেষণে নিয়োগপ্রাপ্ত হবেন বিধায় বেতনস্কেল নির্ধারণ করা হলো না। | সচিব স্বাক্ষরিত খসড়া নিয়োগ বিধিমালা অনুযায়ী নিয়োগ যোগ্যতাঃ<br>পদোন্নতির ক্ষেত্রেঃ সিনিয়রিটি-কাম-ফিটনেস এর ভিত্তিতে<br>(ক) সহকারী পরিচালক (প্রশাসন)/সহকারী পরিচালক (ভূমি) পদ থেকে পদোন্নতি।<br>(খ) ফিডার পদে ০৬ (ছয়) বছর চাকরির অভিজ্ঞতা।<br>(গ) যদি পদোন্নতির জন্য উপযুক্ত প্রার্থী না থাকে সে ক্ষেত্রে প্রেষণে নিয়োগ। |

২। প্রস্তাবিত জিও পত্রটি ১৮ ফেব্রুয়ারি ২০১৬ তারিখ এ মন্ত্রণালয়ের ২৩.০০.০০০০.০৯০.২৮.০১.০৮(অংশ-১)-৪৫ সংখ্যক জারীকৃত প্রজ্ঞাপনের ক্রমিক নম্বর-৩ অনুচ্ছেদে প্রতিস্থাপিত হিসেবে গণ্য হবে।

৩। **শর্তাবলী :**

(ক) উপরের ছকের ০৩নং কলামে নির্ধারণকৃত বেতনগ্রেড ০৫নং কলামে প্রদর্শিত যোগ্যতা/অভিজ্ঞতা অনুযায়ী কার্যকর হবে;

(খ) জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ শাখা-১ এর পদ সৃজন সংক্রান্ত সম্মতি পত্রের সকল শর্ত পরিপালনপূর্বক পদের মঞ্জুরী আদেশ (জিও) অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ কর্তৃক পৃষ্ঠাংকন করতে হবে;

(গ) অর্থ বিভাগের ০৯ ফেব্রুয়ারি ২০১৪ তারিখ ০৭.০০.০০০০.১৬১.৪৪.০০৫.১৩-২৬ নং স্মারকের অনুচ্ছেদ-১ এর ৩ নং ক্রমিকে বর্ণিত উপপরিচালক পদের বেতনস্কেল ও নিয়োগযোগ্যতা সংশোধিত বলে গণ্য হবে; এবং

(ঘ) এ বিষয়ে বিদ্যমান বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(ঙ) জারির তারিখ থেকে এ আদেশ কার্যকর হবে।

৪। এতে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সম্মতি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ এবং মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদন রয়েছে।

**রাশেদা জামান**
উপসচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

**স্বাস্থ্য সেবা বিভাগ**

**শৃংখলা অধিশাখা**

**আদেশ**

তারিখ : ২৩ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

নং **৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৩.২০১৬-৩২৯**—যেহেতু, ডাঃ মহসিন করিম (৪২৮৯৩), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ধর্মপাশা, সুনামগঞ্জের (প্রাক্তন আবাসিক মেডিকেল অফিসার, আধুনিক সদর হাসপাতাল, হবিগঞ্জ) বিরুদ্ধে হবিগঞ্জ মডেল থানার মামলা নং-২৯, তারিখঃ ২৬-০৭-২০১৪ (ধারা-৩০২/২০১/৫১১ ৩৪ দণ্ডবিধি) এবং জিআর-২২০/২০১৪ (হবিগঞ্জ) মামলায় জনৈক মৃত শাহীন মিয়ার শরীরের ময়না তদন্ত রিপোর্ট এবং রাসায়নিক পরীক্ষার রিপোর্ট বিজ্ঞ আদালতে দাখিল করা হলে মৃত্যুর কারণ নির্ণয়ে পেশাগত চরম গাফিলতি ও দায়িত্বে অবহেলা করছেন মর্মে বিজ্ঞ আদালতের নিকট প্রতীয়মান হওয়ায় ও বিভাগীয় মামলা দায়েরের নির্দেশনা প্রদান করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে ১৯-১২-২০১৬ খ্রিঃ ৪৫.১৫০.০২৭.০১.০০. ১৫৩.২০১৬-৯১৩ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন ও গত ০৯-০২-২০১৭ খ্রিঃ তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং তদন্ত কমিটি গঠন করে বিষয়টি তদন্তের দায়িত্ব দেয়া হয়;

যেহেতু, তদন্ত কমিটি ময়না তদন্তের রিপোর্ট এবং রাসায়নিক পরীক্ষার রিপোর্টের ভিত্তিতে মৃত্যুর কারণ নির্ণয়ে পেশাগত চরম গাফিলতি ও দায়িত্বে অবহেলা করেছেন মর্মে অভিযোগ প্রমাণিত নয় মর্মে মতামত প্রদান সত্ত্বেও দেখা যায় যে, আদালতের নিকট ডাঃ মহসিন করিম (৪২৮৯৩) এর দাখিলকৃত জবাব সন্তোষজনক মর্মে বিবেচিত হয়নি, তদ্‌জন্য বিজ্ঞ আদালত তাঁকে ভবিষ্যতে সতর্কতার সাথে কাজ করার জন্য এবং কাটাকাটির ক্ষেত্রে নিয়মনীতি অনুসরণ করার জন্য কঠোরভাবে নির্দেশনা প্রদান করেন। বিজ্ঞ আদালতের পর্যবেক্ষণ অনুযায়ী প্রতীয়মান হয় যে, অধিকতর মনোযোগের অভাবে এ ধরনের ত্রুটি সংঘটিত হয়েছে। প্রথম শ্রেণির একজন কর্মকর্তা এবং চিকিৎসক হিসেবে তাঁর এহেন আচরণ গ্রহণযোগ্য নয়।

এমতাবস্থায়, ডাঃ মহিসন করিম (৪২৮৯৩), উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ধর্মপাশা, সুনামগঞ্জের (প্রাক্তন আবাসিক মেডিকেল অফিসার, আধুনিক সদর হাসপাতাল, হবিগঞ্জ) বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব, শুনানী এবং আদালতের পর্যবেক্ষণের আলোকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪ (২)(এ) বিধিমতে তাঁকে 'তিরস্কার' (Censure) প্রদানপূর্বক বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল হক খান**
সচিব।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমস]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ শ্রাবন ১৪২৪ বঙ্গাব্দ/২৩ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৭০/২০১৭/কাস্টমস/৩৩৪**—The Customs Act, 1969 (Act-IV of 1969 এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় অবস্থিত মেসার্স স্কাইলাক্স ডিউটি ফ্রি শপ (বণ্ড লাইসেন্স নং-৭৬৭/কাস-পিবিডব্লিউ, তাং-২৫-০১-১২) এর অনুকূলে ২০১৭-১৮ অর্থবছরে নিম্নবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো :

| ক্র. নং | পণ্যের বিবরণ | আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ০১. | টোব্যাকো | ৪,০০,০০০.০০ |
| ০২. | লিকার | ১,৫০,০০০.০০ |
| ০৩. | ফুড | ২৫,০০০.০০ |
| ০৪. | টয়লেট্রিজ | ৫০,০০০.০০ |
| | সর্বমোট = | ৬,২৫,০০০.০০ |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**এ, এফ, এম, শাহরিয়ার মোল্লা**
সদস্য (শুল্কঃ রপ্তানি, বন্ড ও আইটি)।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**সরকারি বিশ্ববিদ্যালয়-(শাখা-১)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/০৯ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

নং **শিম/শাঃ১৮/৬জাঃবিঃ-১/২০০৬/২১০**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় আইন, ১৯৭৩ এর ১৪(১) ধারা অনুযায়ী এ বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের ডিন প্রফেসর শেখ মো. মনজুরুল হককে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করতে সম্মতি জ্ঞাপন করেছেন।

(ক) কোষাধ্যক্ষ হিসেবে তাঁর নিয়োগের মেয়াদ ৪ (চার) বছর হবে। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে এর পূর্বেই এ নিয়োগ বাতিল করতে পারবেন;

(খ) কোষাধ্যক্ষ পদে তিনি তাঁর বর্তমান পদের সমপরিমাণ বেতন ভাতাদি পাবেন এবং কোষাধ্যক্ষ পদ সংশ্লিষ্ট অন্যান্য সুযোগ সুবিধা ভোগ করবেন;

(গ) তিনি বিশ্ববিদ্যালয়ের সংবিধি ও আইন দ্বারা নির্ধারিত ও ভাইস-চ্যান্সেলর কর্তৃক প্রদত্ত ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের আদেশক্রমে

**আবদুস সাত্তার মিয়া**
সহকারী সচিব (স.বি.-১)।

---

**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**অধিশাখা-৭ (কলেজ-২)**

**অফিস আদেশাবলী**

তারিখ : ০৮ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ/২৩ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

নং **৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৯.১৭.৪৩৭**—যেহেতু, জনাব মো: সোলায়মান, প্রভাষক (হিসাব বিজ্ঞান), চরফ্যাশন সরকারি কলেজ, ভোলা এর বিরুদ্ধে চরফ্যাশন থানার মামলা নং-০১, তারিখ: ০১-০৬-২০১৭ ধারা-১৪৩/৩৪১/৩৮৫/৩২৩/৩২৫/৩২৬/৩০৭/৩৭৯/৫০৬ পেনাল কোড মামলায় ১৪-০৬-২০১৭ তারিখ গ্রেফতার হয়ে জেল হাজতে আটক আছেন মর্মে চরফ্যাশন থানার এস আই জনাব মো: সিদ্দিকুর রহমান এবং অফিসার ইন চার্জ চরফ্যাশন কলেজ কর্তৃক অবহিতকরণ পত্র প্রেরণ করেন;

যেহেতু, জনাব মো: সোলায়মানকে বিএসআর (পার্ট-১) এর বিধি ৭৩ এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং-ED(Reg. VII) S-১২৩/৭৮-১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ অনুযায়ী চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা বিধিসম্মত ও জনস্বার্থে প্রয়োজন;

সেহেতু, জনাব মো: সোলায়মান, প্রভাষক (হিসাববিজ্ঞান), চরফ্যাশন সরকারি কলেজ, ভোলাকে বিএসআর (পার্ট-১) এর ৭৩ বিধি এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং ED(Reg. VII) S-১২৩/৭৮-১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ অনুযায়ী ১৪-০৬-২০১৭ তারিখ থেকে চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। প্রচলিত নিয়মে তিনি সাময়িকভাবে বরখাস্তকালীন খোরপোষ ভাতা পাবেন।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২১ জ্যৈষ্ঠ ১৪২৪/০৪ জুন ২০১৭

নং **৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৪.১৭.৩৪২**—যেহেতু, জনাব মোস্তাফিজুর রহমান (২২৪৩৭), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা প্রাক্তন সহকারি পরিদর্শক (প্রভাষক-দর্শন), পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে ঘুষের টাকা গ্রহণের সময় হাতেনাতে গ্রেফতার করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। তার বিরুদ্ধে পল্টন থানা একটি মামলা করা হয়েছে;

যেহেতু, জনাব মোস্তাফিজুর রহমানকে বিএসআর (পার্ট-১) এর বিধি ৭৩ এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং-ED(Reg. VII) S-১২৩/৭৮-১১৫(৫০০) নম্বর অফিস স্মারক এবং রাষ্ট্রপতির সচিবালয়ের ০৯-০২-১৯৮৯ তারিখের রাস/জানি (দুদ)চা-১(৩১) ঢাকা/৮৮-১৪৩(৪৫) নম্বর সার্কুলার অনুযায়ী ৩০-০৫-২০১৭ তারিখ হতে ভূতাপেক্ষভাবে চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা প্রয়োজন;

সেহেতু, জনাব মোস্তাফিজুর রহমানকে বিএসআর (পার্ট-১) এর ৭৩ বিধি এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং-ED(Reg. VII) S-১২৩/৭৮-১১৫(৫০০), নম্বর অফিস স্মারক এবং রাষ্ট্রপতির সচিবালয়ের ০৯-০২-১৯৮৯ তারিখের রাস/জানি (দুদ)চা-১(৩১) ঢাকা/৮৮-১৪৩(৪৫) নম্বর সার্কুলার অনুযায়ী ৩০-০৫-২০১৭ তারিখ হতে ভূতাপেক্ষভাবে চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত কর হলো।

০২। প্রচলিত নিয়মে তিনি সাময়িকভাবে বরখাস্তকালীন খোরপোষ ভাতা পাবেন।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহরাব হোসাইন**
সচিব।

## অধিশাখা-৭ (সরকারি কলেজ-৩)

### অফিস আদেশ

তারিখ : ০৯ শ্রাবণ ১৪২৪/২৪ জুলাই ২০১৭

**নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৩১.১৭.৪৪৩**—যেহেতু, জনাব এস এম শফিউল আলম (১৪৩৯০), সহকারি অধ্যাপক (অর্থনীতি) বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন ট্রাইবুনাল, ঢাকা এর লালবাগ থানার মামলা নং-২৮, তারিখ : ২৩-০৬-২০১৭ ধারায় নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধনী/২০০৩) এর ১১(খ)/৩০ ধারায় মামলা দায়ের করা হয়েছে। উক্ত মামলায় তাঁকে গ্রেফতার করে মুখ্য মহানগর হাকিম আদালত, ঢাকায় প্রেরণ করা হয়েছে;

যেহেতু, জনাব এস এম শফিউল আলমকে বিএসআর (পার্ট-১) এর বিধি ৭৩ এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং-ED(Reg. VII) S-১২৩/৭৮-১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ অনুযায়ী চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা বিধিসম্মত ও জনস্বার্থে প্রয়োজন;

সেহেতু, জনাব এস এম শফিউল আলম (১৪৩৯০), সহকারি অধ্যাপক (অর্থনীতি) বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-কে বিএসআর (পার্ট-১) এর ৭৩ বিধি এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং-ED(Reg. VII) S-১২৩/৭৮-১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ অনুযায়ী চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। প্রচলিত নিয়মে তিনি সাময়িকভাবে বরখাস্তকালীন খোরপোষ ভাতা পাবেন।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহরাব হোসাইন**
সচিব।

## বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
## অধিশাখা-১৫

### প্রজ্ঞাপন

তারিখ : ২৩ জুলাই ২০১৭/০৮ আষাঢ় ১৪২৪

**নং ৩৯.০১৫.০০৬.০০.০০.০২১.২০১০-১০২**—বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার আইন-২০১০ এর ধারা ৬-এর উপধারা-২ অনুযায়ী গত ২০-০৭-২০১৪ তারিখে গঠিত বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়াধীন "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার" এর পরিচালনা বোর্ডের মনোনীত সদস্যগণের মেয়াদ ০৩ (তিন) বছর পূর্ণ হওয়ায় পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার"-এর পরিচালনা বোর্ড নিম্নরূপভাবে নির্দেশক্রমে পুনর্গঠন করা হলো :—

**সভাপতি**

১. সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২. অতিরিক্ত সচিব (বিপ্র)/উইং প্রধান, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

৩. যুগ্মসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়

৪. যুগ্মসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়

৫. চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন কেন্দ্র, আগারগাঁও, ঢাকা

৬. চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা

৭. নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আগারগাঁও, ঢাকা

৮. চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ, ডঃ কুদরত-ই-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা

৯. অধ্যাপক ড. সুব্রত কুমার আদিত্য, তড়িৎ ও ইলেকট্রনিক্স কৌশল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা

১০. অধ্যাপক ড. সুলতানা শফি, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা

১১. অধ্যাপক ড. মোঃ আব্দুর রশিদ সরকার, যন্ত্রকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

১২. অধ্যাপক ড. কাজী আজিজুল মাওলা, স্থাপত্য বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

**সদস্য-সচিব**

১৩. মহাপরিচালক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, বিজয়সরণী, ঢাকা

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আছির উদ্দীন সরদার**
উপসচিব।

---

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০১ শ্রাবণ ১৪২৪/১৬ জুলাই ২০১৭

**নং ৪৩.০০.০০০০.১১৬.০৬.০০৩.১৭.৩১৭**—ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন, ২০১০'এর ৭ নম্বর ধারামতে মণিপুরী ললিতকলা একাডেমি, কমলগঞ্জ, মৌলভীবাজার এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিম্নোক্তভাবে ১০(দশ) সদস্যবিশিষ্ট নির্বাহী পরিষদ গঠন করা হলো :

**সভাপতি**

১. জেলা প্রশাসক, মৌলভীবাজার

**সদস্যবৃন্দ**

২. উপসচিব, অধিশাখা-৭, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

৩. উপসচিব (সমন্বয়-২) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৪. উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ, মৌলভীবাজার

৫. জনাব প্রতাপ চন্দ্র সিংহ, সভাপতি মণিপুরী সমাজ কল্যাণ সমিতি

৬. জনাব কৃষ্ণ কুমার সিংহ, মণিপুরী 'খঙচেল' পত্রিকার সম্পাদক

৭. জনাব আহমদ সিরাজ, বিশিষ্ট লেখক, গবেষক ও প্রতিবেদক

৮. জনাব রাধাকান্ত সিংহ, সমাজ সেবক

৯. জনাব সুজিতা সিনহা, স্কাউট শিক্ষয়িত্রী ও সমাজ সেবিকা

**সদস্য-সচিব**

১০. উপপরিচালক, মণিপুরী ললিতকলা একাডেমি, মৌলভী-বাজার

০২। ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন, ২০১০'এর ৭(২) উপধারা অনুযায়ী পরিষদের মনোনীত সদস্যগণ তাঁদের মনোনয়নের তারিখ থেকে ০৩ (তিন) বছরের জন্য সদস্য পদে বহাল থাকবেন। তবে, শর্ত থাকে যে, সরকার যে কোন সময়ে মনোনীত যে কোন সদস্যের সদস্যপদ বাতিল করতে পারবে কিংবা নির্বাহী পরিষদ পুণর্গঠন করতে পারবে এবং ৭(৩) উপধারা অনুযায়ী মনোনীত কোন সদস্য যে কোন সময় সরকারকে উদ্দেশ্য করে তাঁর স্বাক্ষরযুক্ত পত্রযোগে এক মাসের নোটিশ প্রদানপূর্বক স্বীয় পদ হতে পদত্যাগ করতে পারবেন।

০৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং ০১-০৭-২০১৭ তারিখ হতে কার্যকর হবে।

**নং ৪৩.০০.০০০০.১১৬.০৬.০০৩.১৭.৩১৮**—ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন, ২০১০'এর ৭ নম্বর ধারামতে রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমী, রাজশাহী এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিম্নোক্তভাবে ১০(দশ) সদস্যবিশিষ্ট নির্বাহী পরিষদ গঠন করা হলো :

**সভাপতি**

১. রাজশাহী বিভাগীয় কমিশনার, রাজশাহী

**সদস্যবৃন্দ**

২. উপসচিব, অধিশাখা-৭, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

৩. উপসচিব (সমন্বয়-২) পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৪. জনাব আরিফুল হক কুমার, এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট, সাউথ-ইস্ট ব্যাংক, রাজশাহী

৫. জনাব সুবিন চন্দ্র মুন্ডা, সাধারণ সম্পাদক, জাতীয় আদিবাসী পরিষদ, কেন্দ্রীয় কমিটি, নওগাঁ

৬. জনাব যোগেন্দ্রনাথ সরেন, সভাপতি, আদিবাসী মুক্তিমোর্চা, রাজশাহী

৭. জনাব গাব্রিয়েল হাঁসদা, বিশিষ্ট লেখক ও গবেষক, রাজশাহী

৮. জনাব চিত্তরঞ্জন সরদার, শিক্ষক, রাজাবাড়ী ডিগ্রি কলেজ, গোদাগাড়ী, রাজশাহী

৯. মিসেস কামিল্লা বিশ্বাস, শিক্ষক, মুক্তিদাতা জুনিয়র হাই স্কুল, বাগানপাড়া, রাজপাড়া, রাজশাহী

**সদস্য-সচিব**

১০. উপপরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমির, রাজশাহী

০২। ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন, ২০১০'এর ৭(২) উপধারা অনুযায়ী পরিষদের মনোনীত সদস্যগণ তাঁদের মনোনয়নের তারিখ থেকে ০৩ (তিন) বছরের জন্য সদস্য পদে বহাল থাকবেন। তবে, শর্ত থাকে যে, সরকার যে কোন সময়ে মনোনীত যে কোন সদস্যের সদস্যপদ বাতিল করতে পারবে কিংবা নির্বাহী পরিষদ পুণর্গঠন করতে পারবে এবং ৭(৩) উপধারা অনুযায়ী মনোনীত কোন সদস্য যে কোন সময় সরকারকে উদ্দেশ্য করে তাঁর স্বাক্ষরযুক্ত পত্রযোগে এক মাসের নোটিশ প্রদানপূর্বক স্বীয় পদ হতে পদত্যাগ করতে পারবেন।

০৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং ০২-০৮-২০১৬ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জি এম রফিকুল ইসলাম**
উপসচিব (অধি: ৭)।

---

## স্বাস্থ্য সেবা বিভাগ
## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
## শৃংখলা অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ০২ শ্রাবণ ১৪২৪/১৭ জুলাই ২০১৭

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০০২.২০১৭-৩২০**—যেহেতু, ডাঃ মোঃ ইলিয়াস (৪০৫২৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ০১-০৪-২০০৮ খ্রিঃ হতে ৬(ছয়) মাসের শিক্ষা ছুটি নিয়ে গত ০১-১০-২০০৮ খ্রিঃ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, গত ০১-১০-২০১৩ খ্রিঃ তাঁর সরকারি চাকুরিতে অনুপস্থিতিকাল (অনুমোদিত এবং অনুমোদনবিহীন ছুটিসহ) ধারাবাহিকভাবে ০৫ (পাঁচ) বছর অতিক্রান্ত হয়েছে;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে। ডাঃ মোঃ ইলিয়াস (৪০৫২৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকার কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫ (পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ০১-১০-২০১৩ খ্রিঃ হতে তাঁর চাকরির অবসান কার্যকর হবে। গত ০১-১০-২০০৮ খ্রিঃ হতে তিনি কোন আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না। উক্ত তারিখ হতে কোন বেতন ভাতাদি উত্তোলন করা হলে তা সরকারি দাবী আদায় আইন ১৯১৩ অনুযায়ী আদায়যোগ্য হবে।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হল।

**মোঃ সিরাজুল হক খাঁন**
সচিব।

---

## মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
## প্রাণিসম্পদ-৩ অধিশাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১৭ জুলাই ২০১৭

**নং ৩৩.০০.০০০০.১১৯.২৭.০১১.১৬-২১০**—যেহেতু, জনাব মোঃ কুতুব উদ্দিন তালুকদার, সম্প্রসারণ কর্মকর্তা, কৃত্রিম প্রজনন গবেষণাগার, সাভার, ঢাকা, সংযুক্তি জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, রাজশাহী গত ১৮-০৮-২০১৬ তারিখ আঞ্চলিক কৃত্রিম প্রজনন গবেষণাগার, রাজশাহীতে কাজে যোগদানের পর বিভিন্ন সময়ে (১৯-০৮-২০১৬ হতে ২০-০৮-২০১৬ তারিখ পর্যন্ত ০২ দিন, ০৪-০৯-২০১৬ হতে ০৮-০৯-২০১৬ তারিখ পর্যন্ত ০৫ দিন এবং ২২-০৯-২০১৬ তারিখ ০১ দিন) মোট ০৮ (আট) দিন অনুমোদিত ছুটি ভোগ করেন। কিন্তু ২২-০৯-২০১৬ তারিখ ০১(এক) দিনের নৈমিত্তিক ছুটির আবেদন করে কর্মস্থল ত্যাগ করার পর কর্তব্য ও কর্মস্থলে অনুপস্থিতসহ কতিপয় অভিযোগের ভিত্তিতে জনাব মোঃ কুতুব উদ্দিন তালুকদার এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী অসদাচরণ এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, গত ২০-০৪-২০১৭ তারিখে ৩৩.০০.০০০০.১১৯. ২৭.০১১.১৬-১২৮ নং স্মারকে উক্ত মামলায় তাকে কারণ দর্শাতে বলা হলে তিনি গত ০১-০৫-২০১৭ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন এবং গত ১৭-০৫-২০১৭ তারিখে তার ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ কুতুব উদ্দিন তালুকদার এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা ন্যায় বিচারের স্বার্থে সুষ্ঠু তদন্তক্রমে প্রতিবেদন দেয়ার জন্য জনাব মোঃ হামিদুর রহমান, উপসচিব (আইন অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ কুতুব উদ্দিন তালুকদার, সম্প্রসারণ কর্মকর্তা, কৃত্রিম প্রজনন গবেষণাগার, সাভার, ঢাকা, সংযুক্তি-জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, রাজশাহী এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৩(বি) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন; এবং

যেহেতু, জনাব মোঃ কুতুব উদ্দিন তালুকদার এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(ই) অনুযায়ী স্থায়ীভাবে বেতন স্কেলের নিম্নধাপে অবনমিতকরণ দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, সার্বিক বিষয় বিবেচনায় জনাব মোঃ কুতুব উদ্দিন তালুকদার, সম্প্রসারণ কর্মকর্তা, কৃত্রিম প্রজনন গবেষণাগার, সাভার, ঢাকা, সংযুক্তি-জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, রাজশাহী কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(ই) অনুযায়ী স্থায়ীভাবে "বেতন স্কেলের নিম্নধাপে অবনমিতকরণ" এর লঘুদণ্ড প্রদান করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২৫ জুলাই ২০১৭

নং **৩৩.০০.০০০০.১১৯.০৪.০০৩.১৬.২২১**—যেহেতু, ডাঃ মোঃ মমিনুর রহমান, ভেটেরিনারি সার্জন, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, জামালগঞ্জ, সুনামগঞ্জ এর বিরুদ্ধে ২০১৫ সালে অনুষ্ঠিত জামালগঞ্জ মডেল উচ্চ বিদ্যালয়ের জে.এস.সি পরীক্ষা কেন্দ্রের অতিরিক্ত ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে দায়িত্ব প্রদান করা হয়। উক্ত কর্মকর্তা ০৫ নভেম্বর, ২০১৫ তারিখে অনুষ্ঠিত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি পরীক্ষার দায়িত্ব পালন না করে পরীক্ষা কেন্দ্র অরক্ষিত রেখে বিক্ষোভ কর্মসূচীতে অংশগ্রহণ করেন মর্মে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও কল্যাণ শাখা) অভিযোগ করলে তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা নং ১২/২০১৬ রুজু করা হয়; এবং

যেহেতু, গত ২৭-০৪-২০১৬ তারিখে ৩৩.০০.০০০০.১১৭. ০৪.০০৩.১৬-৩৮৯ নং স্মারকে উক্ত মামলায় তাকে কারণ দর্শাতে বলা হলে তিনি নির্দিষ্ট সময়ের মধ্যে লিখিত জবাব দাখিল না করায় জনাব মোঃ হামিদুর রহমান, উপসচিব (মৎস্য-২) আইন অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে ডাঃ মোঃ মমিনুর রহমান, ভেটেরিনারি সার্জন, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, জামালগঞ্জ, সুনামগঞ্জ এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহের বহির্ভূতভাবে প্রমাণিত মর্মে মতামত প্রদান করেন; এবং

যেহেতু, ডাঃ মোঃ মমিনুর রহমান এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধির আওতায় আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় কর্মকর্তার চাকুরীর অভিজ্ঞতা ও সংশ্লিষ্ট সার্বিক বিষয় বিবেচনায় তাকে একই বিধিমালার ৪(২)(এ) অনুযায়ী 'তিরস্কার' সূচক লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, কর্মকর্তার চাকুরীর অভিজ্ঞতা ও সংশ্লিষ্ট সার্বিক বিষয় বিবেচনায় ডাঃ মোঃ মমিনুর রহমান, ভেটেরিনারি সার্জন, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, জামালগঞ্জ, সুনামগঞ্জ-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(এ) অনুযায়ী 'তিরস্কার' সূচক লঘুদণ্ড আরোপ করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাকসুদুল হাসান খান**
সচিব।

## বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১১ শ্রাবণ ১৪২৪/২৬ জুলাই ২০১৭

**নং ৩৯.০০.০০০০.০৯.০৬.৭৬.১৭-১৮/১০১৪**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরের "বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচীর" আওতায় বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্প বাছাই এবং পর্যালোচনান্তে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে অধ্যাপক/বিশেষজ্ঞ/বিজ্ঞানী/গবেষক/কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নরূপ Peer Review Committee on Biological Sciences (BS) আদিষ্ট হয়ে গঠন করা হলো :

| ক্রঃ নং | নাম ও পদবী | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | অধ্যাপক ড. জসিম উদ্দিন খান | পশু পুষ্টি বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ | আহ্বায়ক |
| ২। | অধ্যাক ড. মোঃ মাহবুবুর রহমান | উদ্ভিদবিজ্ঞান বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম | সদস্য |
| ৩। | অধ্যাপক ড. রাখহরি সরকার | উদ্ভিদবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| ৪। | অধ্যাপক ড. মোহাম্মদ আলী | কীটতত্ত্ব বিভাগ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| ৫। | ড. মোঃ আজিজুল হক | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর, জয়দেবপুর | সদস্য |
| ৬। | অধ্যাপক ড. আ ন ম আমিনুর রহমান | গাইনিকোলজি, অবস্টেট্রিক্স অ্যান্ড রিপ্রোডাক্টিভ হেলথ বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর | সদস্য |
| ৭। | ড. মোঃ গোলাম মোস্তফা | উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য-সচিব |

২। **কর্মপরিধি :**

ক. Guidelines for Different Programmes under Special Allocation for Science & Technology (Revised in March 2012) অনুযায়ী বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্পসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা ও বাছাই করে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান।

খ. Peer Review Commitee'র আহ্বায়ক/সদস্য কোন প্রকল্প দাখিল করতে পারবেন না।

গ. সদস্য-সচিব হিসেবে উপসচিব, ড. মোঃ গোলাম মোস্তফা কমিটির আহ্বায়কের সঙ্গে পরামর্শক্রমে সভা আহ্বান, সভার কার্যবিবরণী প্রস্তুত এবং অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

ঘ. Peer Review Committee'র সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

**নং ৩৯.০০.০০০০.০৯.০৬.৭৬.১৭-১৮/১০১৫**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরের "বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচীর" আওতায় বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্প বাছাই এবং পর্যালোচনান্তে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে অধ্যাপক/বিশেষজ্ঞ/বিজ্ঞানী/গবেষক/কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নরূপ Peer Review Commitee on Medical Sciences (Medi-S) আদিষ্ট হয়ে গঠন করা হলো :

| ক্রঃ নং | নাম ও পদবি | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | অধ্যাপক ডাঃ প্রাণ গোপাল দত্ত | প্রাক্তন উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা | আহ্বায়ক |
| ২। | অধ্যাপক ডাঃ মোঃ ইসমাইল খান | অধ্যক্ষ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা ও অধ্যাপক ও বিভাগীয় প্রধান ফার্মাকোলজী বিভাগ | সদস্য |
| ৩। | অধ্যাপক ডাঃ মোঃ বিল্লাল আলম | অধ্যক্ষ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা ও অধ্যাপক মেডিসিন বিভাগ | সদস্য |
| ৪। | ডাঃ রায়হান হোসেন | প্রধান চিকিৎসা কর্মকর্তা, ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউক্লিয়ার মেডিসিন এন্ড এ্যালায়েড সায়েন্স, শাহবাগ, ঢাকা | সদস্য |
| ৫। | ডাঃ মোহাম্মদ সালাউদ্দিন ফারুক | সহকারী অধ্যাপক, সার্জারী বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যারয়, শাহবাগ, ঢাকা। | সদস্য |
| ৬। | ড. মোঃ গোলাম মোস্তফা | উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য-সচিব |

২। **কর্মপরিধি :**

ক. Guidelines for Diferent Programmes under Special Allocation for Seience & Technology (Revised in March 2012) অনুযায়ী বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্পসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা ও বাছাই করে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান।

খ. Peer Review Commitee'র আহ্বায়ক/সদস্য কোন প্রকল্প দাখিল করতে পারবেন না।

গ. সদস্য-সচিব হিসেবে উপসচিব, ড. মোঃ গোলাম মোস্তফা কমিটির আহ্বায়কের সঙ্গে পরামর্শক্রমে সভা আহ্বান, সভার কার্যবিবরণী প্রস্তুত এবং অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

ঘ. Peer Review Commitee'র সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

**নং ৩৯.০০.০০০০.০৯.০৬.৭৬.১৭-১৮/১০১৬**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরের “বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচীর” আওতায় বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্প বাছাই এবং পর্যালোচনান্তে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে অধ্যাপক/বিশেষজ্ঞ/বিজ্ঞানী/গবেষক/কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নরূপ Peer Review Commitee on Environmental Sciences (ES) আদিষ্ট হয়ে গঠন করা হলো :

| ক্রঃ নং | নাম ও পদবি | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | অধ্যাপক ড. এ.এম.এস মাকসুদ কামাল | ডিন, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদ এবং চেয়ারম্যান, দুর্যোগ বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | আহ্বায়ক |
| ২। | অধ্যাপক ড. সৈয়দ হাফিজুর রহমান | পরিবেশ বিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা | সদস্য |
| ৩। | অধ্যাপক ড. মোঃ মাইন উদ্দীন মিঞা | কৃষিবনায়ন ও পরিবেশ বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর | সদস্য |
| ৪। | অধ্যাপক শফিকুল ইসলাম | উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর | সদস্য |
| ৫। | ড. মোঃ গোলাম মোস্তফা | উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য-সচিব |

২। **কর্মপরিধি :**

ক. Guidelines for Diferent Programmes under Special Allocation for Seience & Technology (Revised in March 2012) অনুযায়ী বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্পসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা ও বাছাই করে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান।

খ. Peer Review Commitee’র আহ্বায়ক/সদস্য কোন প্রকল্প দাখিল করতে পারবেন না।

গ. সদস্য-সচিব হিসেবে উপসচিব, ড. মোঃ গোলাম মোস্তফা কমিটির আহ্বায়কের সঙ্গে পরামর্শক্রমে সভা আহ্বান, সভার কার্যবিবরণী প্রস্তুত এবং অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

ঘ. Peer Review Commitee’র সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

**নং ৩৯.০০.০০০০.০৯.০৬.৭৬.১৭-১৮/১০১৭**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরের “বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচীর” আওতায় বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্প বাছাই এবং পর্যালোচনান্তে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে অধ্যাপক/বিশেষজ্ঞ/বিজ্ঞানী/গবেষক/কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নরূপ Peer Review Commitee on Engineering & Applied Sciences (EAS) আদিষ্ট হয়ে গঠন করা হলো :

| ক্রঃ নং | নাম ও পদবি | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | অধ্যাপক ড. রফিকুল ইসলাম | ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | আহ্বায়ক |
| ২। | অধ্যাপক ড. সত্য প্রসাদ মজুমদার | তড়িৎ ও ইলেকট্রনিক প্রকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| ৩। | অধ্যাপক ড. মোঃ নূরুল আলম | পদার্থবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা | সদস্য |
| ৪। | অধ্যাপক আ. ক. ম. মোস্তফা জামান | ডিন, দুর্যোগ ব্যবস্থাপনা অনুষদ, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দুমকি, পটুয়াখালী | সদস্য |
| ৫। | প্রকৌশলী জাফর সাদেক | প্রধান প্রকৌশলী ও পরিচালক, কোয়ালিটি ম্যানেজমেন্ট ডিভিশন, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন, আগারগাঁও, ঢাকা | সদস্য |
| ৬। | ড. মোঃ গোলাম মোস্তফা | উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য-সচিব |

২। **কর্মপরিধি :**

ক. Guidelines for Diferent Programmes under Special Allocation for Seience & Technology (Revised in March 2012) অনুযায়ী বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্পসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা ও বাছাই করে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান।

খ. Peer Review Commitee’র আহ্বায়ক/সদস্য কোন প্রকল্প দাখিল করতে পারবেন না।

গ. সদস্য-সচিব হিসেবে উপসচিব, ড. মোঃ গোলাম মোস্তফা কমিটির আহ্বায়কের সঙ্গে পরামর্শক্রমে সভা আহ্বান, সভার কার্যবিবরণী প্রস্তুত এবং অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

ঘ. Peer Review Commitee’র সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

**নং ৩৯.০০.০০০০.০৯.০৬.৭৬.১৭-১৮/১০১৮**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরের “বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচীর” আওতায় বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্প বাছাই এবং পর্যালোচনান্তে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে অধ্যাপক/বিশেষজ্ঞ/বিজ্ঞানী/গবেষক/কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নরূপ Peer Review Commitee on Inter-Disciplinary (ID) আদিষ্ট হয়ে গঠন করা হলো :

| ক্রঃ নং | নাম ও পদবি | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | অধ্যাপক ড. নীলুফার নাহার | রসায়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | আহ্বায়ক |

| ১ | ২ | ৩ | ৪ |
|---|---|---|---|
| ২। | ড. মোঃ মিজানুর রহমান | পুরকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| ৩। | অধ্যাপক ড. মোঃ হাবিবুর রহমান | প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী | সদস্য |
| ৪। | অধ্যাপক ডাঃ এ কে এম খুরশিদুল আলম | ইউরোলজি বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| ৫। | অধ্যাপক নূর মোঃ রহমতউল্লাহ | কৃষি পরিসংখ্যান বিভাগ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| ৬। | ড. মোঃ গোলাম মোস্তফা | উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য-সচিব |

২। **কর্মপরিধি :**

ক. Guidelines for Diferent Programmes under Special Allocation for Seience & Technology (Revised in March 2012) অনুযায়ী বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্পসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা ও বাছাই করে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান।

খ. Peer Review Commitee'র আহ্বায়ক/সদস্য কোন প্রকল্প দাখিল করতে পারবেন না।

গ. সদস্য-সচিব হিসেবে উপসচিব, ড. মোঃ গোলাম মোস্তফা কমিটির আহ্বায়কের সংঙ্গে পরামর্শক্রমে সভা আহ্বান, সভার কার্যবিবরণী প্রস্তুত এবং অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

ঘ. Peer Review Commitee'র সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

**নং ৩৯.০০.০০০০.০৯.০৬.৭৬.১৭-১৮/১০১৯**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরের "বিজ্ঞান ও প্রযুক্তি কর্মসূচীর" আওতায় বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্প বাছাই এবং পর্যালোচনান্তে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রণয়নের লক্ষ্যে অধ্যাপক/বিশেষজ্ঞ/বিজ্ঞানী/গবেষক/কর্মকর্তাদের সমন্বয়ে নিম্নরূপ Peer Review Commitee on Physical Sciences (Phy-Sc) আদিষ্ট হয়ে গঠন করা হলো :

| ক্রঃ নং | নাম ও পদবি | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | অধ্যাপক ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্যা | সদস্য, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউ. জি.সি), আগারগাঁও, ঢাকা | আহ্বায়ক |
| ২। | অধ্যাপক ড. মোঃ আবুল হোসেন | পদার্থবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা | সদস্য |
| ৩। | অধ্যাপক ড. আবু হাসান ভুইয়া | পদার্থবিজ্ঞান বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| ৪। | ড. মোহাম্মদ আসাদুজ্জামান চৌধুরী | যন্ত্রকৌশল বিভাগ, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর | সদস্য |
| ৫। | ড. মিহির কুমার রায় | পদার্থবিদ্যা বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম | সদস্য |
| ৬। | জনাব মাবুবুল হক | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও পরিচালক, ইনস্টিটিউট অব ইলেকট্রনিক্স, পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান, গণকবাড়ী, সাভার, ঢাকা। | সদস্য |
| ৭। | ড. মোঃ গোলাম মোস্তফা | উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | সদস্য-সচিব |

২। **কর্মপরিধি :**

ক. Guidelines for Diferent Programmes under Special Allocation for Seience & Technology (Revised in March 2012) অনুযায়ী বিশেষ অনুদান সংক্রান্ত প্রকল্পসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা ও বাছাই করে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান।

খ. Peer Review Commitee'র আহ্বায়ক/সদস্য কোন প্রকল্প দাখিল করতে পারবেন না।

গ. সদস্য-সচিব হিসেবে উপসচিব, ড. মোঃ গোলাম মোস্তফা কমিটির আহ্বায়কের সঙ্গে পরামর্শক্রমে সভা আহ্বান, সভার কার্যবিবরণী প্রস্তুত এবং অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

ঘ. Peer Review Commitee'র সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

**ড. মোঃ গোলাম মোস্তফা**
উপসচিব।

---

**মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ**
**শিক্ষা মন্ত্রণালয়**
**উন্নয়ন-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ আষাঢ় ১৪২৪/২১ জুন ২০১৭

নং **৩৭.০০.০০০০.০৮৩.৯৯.০২০.১৬-৩০০**—যেহেতু জনাব মোঃ সাইফুল ইসলাম বিগত ১১ জুন ২০১৫ তারিখে সহকারী প্রকৌশলী (পুর) পদে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ময়মনসিংহ জেলায় যোগদান করে কর্তৃপক্ষকে অবগত না করে ১৯ জুন ২০১৫ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। চাকরিতে যোগদানের পরে কর্তৃপক্ষের বিনানুমতিতে ১৯ জুন ২০১৫ তারিখে দেশ ত্যাগ করেন এবং ১৪ জুন ২০১৬ তারিখে দেশে ফিরেন এবং ২০ জুন ২০১৬ তারিখে কাজে যোগদান করে ভূতাপেক্ষভাবে ১ (এক) বছরের জন্য বিনা বেতনে ছুটি মঞ্জুরের জন্য আবেদন করেন। সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি)(সি) মোতাবেক অসদাচরণ এবং ডিজারশনের অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। গত ২৭ নভেম্বর ২০১৬ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানীতে তার জবাব পর্যালোচনাপূর্বক অভিযোগের বিষয়ে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২)(সি) বিধি অনুযায়ী উপ-সচিব জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এবং 'ডিজারশন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়।

যেহেতু, জনাব মোঃ সাইফুল ইসলাম সরকারি চাকুরিতে যোগদানের পূর্বেই নেদারল্যান্ডসে Netherlands Fellowship Programme এর আওতায় UNESCO-IHE তে MSc in Water Science and Engineering প্রোগ্রামে অধ্যয়নরত ছিলেন। সরকারি চাকুরির বিধি-বিধান সম্পর্কে তার কোন ধারণা না থাকায় উক্ত প্রোগ্রাম সম্পন্ন করার জন্যই যোগদান করার পর পরই কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে নেদারল্যান্ডসে গমন করেন। উক্ত প্রোগ্রামও তিনি সফলতার সাথে সম্পন্ন করেছেন। অভিযুক্ত জনাব মোঃ সাইফুল ইসলাম একজন নবীন কর্মকর্তা। তিনি নিজেই তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ স্বীকার করেছেন এবং অজ্ঞতাবশত: অপরাধের জন্য ক্ষমা চেয়েছেন। ইতোমধ্যে তার সরকারি চাকরিতে প্রবেশের বয়সসীমা অতিক্রান্ত হয়েছে। সার্বিক বিবেচনায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ময়মনসিংহ জেলার সহকারী প্রকৌশলী (পুর) জনাব মোঃ সাইফুল ইসলাম-এর বিরুদ্ধে আনীত অভিযোগ সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫-এর ৪(২)(এ) বিধি অনুযায়ী 'তিরস্কার (censure)' দণ্ড প্রদানসহ তার অননুমোদিত অনুপস্থিত কাল (১৯ জুন ২০১৫ তারিখ হতে ১৯ জুন ২০১৬ তারিখ পর্যন্ত) বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, সহকারী প্রকৌশলী (পুর) জনাব মোঃ সাইফুল ইসলাম-এর ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত মৌখিক জবানবন্দি ও আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমাল, ১৯৮৫-এর ৪(২)(এ) বিধি অনুযায়ী 'তিরস্কার দণ্ড (censure)' প্রদান করা হলো এবং তার অননুমোদিত অনুপস্থিকাল (১৯ জুন ২০১৫ তারিখ হতে ১৯ জুন ২০১৬ তারিখ পর্যন্ত) বিনা বেতনে অসাধারণ ছুটি মঞ্জুর করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহরাব হোসাইন**
সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**সুরক্ষা সেবা বিভাগ**
**শৃংখলা শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/১০ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৫৮.০০.০০০০.০৭৬.০১.০০৩.১৭-৩১**—যেহেতু, জনাব মোঃ রফিকুল ইসলাম, জেলার, বগুড়া জেলা কারাগার ২৯-১২-২০১৬ খ্রিঃ তারিখে জয়পুরহাট জেলা কারাগারের জেলার হিসেবে কর্মরত থাকা অবস্থায় বেলা ২.৫৫ টায় উক্ত কারাগারের জেল সুপার এবং ডেপুটি জেল সুপারের ছুটি জনিত কারণে অনুপস্থিত থাকাকালে কর্তৃপক্ষের অনুমতি না নিয়ে প্রধান কারারক্ষীকে দায়িত্ব অর্পণ করে কর্মস্থল ত্যাগ করেন;

যেহেতু, ২৯-১২-২০১৬ খ্রিঃ তারিখে জনাব মোঃ রফিকুল ইসলামসহ অন্য কর্মকর্তাদের উপস্থিতি ব্যতিরেকে কোন যাচাই-বাছাই ছাড়া প্রধান কারারক্ষী কর্তৃক ২৬ জন জামিন প্রাপ্ত বন্দীকে কারাগার হতে মুক্তি প্রদান করা হয়;

যেহেতু, জনাব মোঃ রফিকুল ইসলাম এর উক্তরূপ কার্যকলাপ কারাবিধি ১ম খণ্ডের ২৪২, ২৪৫, ২৪৯, ৫৭০, ৫৭১, ও ৯১৯ বিধি এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ২ (এফ) (I) (II) (III) এর পরিপন্থি হেতু তাঁর বিরুদ্ধে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালার ৩ (বি), ৪(৫) (সি) বিধি অনুযায়ী বিভাগীয় মামলা রুজুপূর্বক তাঁকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, জনাব মোঃ রফিকুল ইসলাম কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং উল্লেখ করেন, ২৯-১২-২০১৬ খ্রিঃ তারিখে হঠাৎ তাঁর বৃদ্ধা মায়ের অসুস্থতার কারণে দায়িত্বপ্রাপ্ত জেল সুপার-কে তাৎক্ষণিকভাবে না পেয়ে তাঁকে অবহিত না করেই মৃত্যুপথ যাত্রী মায়ের সুচিকিৎসার উদ্দেশ্যে প্রধান কারারক্ষী এর নিকট জেলের সাময়িক দায়িত্ব প্রদানপূর্বক বেলা অনুমান ৩টার দিক রাজশাহী-তে গমন করেন ও একই তারিখ রাত ১০.৩০ টায় কর্মস্থলে ফিরে এসে নিজ দায়িত্ব গ্রহণ করেন যা তাঁর অনিচ্ছাকৃত ত্রুটি এবং তিনি তাঁকে অভিযোগের দায় থেকে অব্যাহতির আবেদন করেন;

যেহেতু, উর্ধ্বতন কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ করায় জনাব মোঃ রফিকুল ইসলাম-কে ১৮-০১-২০১৭ তারিখ কারা অধিদপ্তরে সংযুক্ত করা হয় এবং ০৯-০২-২০১৭ তারিখে বগুড়া জেলা কারাগারে বদলী করা হলে তিনি সেখানে যোগদান করে কর্মরত আছেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তাঁর লিখিত জবাবসহ সার্বিক বিষয়াদি বিবেচনাপূর্বক জনাব মোঃ রফিকুল ইসলাম, জেলার বগুড়া জেলা কারাগার এর বিরুদ্ধে ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালায় আনীত রুজুকৃত বিভাগীয় মামলায় অসদাচরণের অভিযোগে দোষী সাব্যস্তপূর্বক একই বিধিমালার ৪(২) (এ) বিধি অনুযায়ী তাকে "তিরস্কার" (Censure) লঘুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হল;

সেহেতু, জনাব মোঃ রফিকুল ইসলাম, জেলার, বগুড়া জেলা কারাগার, বগুড়া (পূর্বতন জেলার, জেলা কারাগার, জয়পুরহাট)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালায় ৩(বি) অনুযায়ী "অসদাচরণ" এর অভিযোগে দোষী সাব্যস্তপূর্বক তাঁকে একই বিধিমালার ৪(২) (এ) বিধি অনুযায়ী "তিরস্কার" (Censure) লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী**
সচিব।

---

**জননিরাপত্তা বিভাগ**
**পুলিশ-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৬ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/২০ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০৫৬.১৩(অংশ)-৯৫৪**—যেহেতু, জনাব মোঃ আলমগীর হোসেন পিপিএম-সেবা মৌলভীবাজার মডেল থানায় সহকারী পুলিশ সুপার হিসেবে অতিরিক্ত দায়িত্ব পালনকালে অভিযোগকারী মোঃ সাইফুল ইসলাম সজিব এর জেপিএল ডোর এন্ড ফার্নিচার মৌলভীবাজারস্থ শোরুম হতে ২৪-০৮-২০১১ তারিখে ২৯৭৫০/- টাকা এবং ২৯-১০-২০১১ তারিখে ৪২৫০/- টাকার ফার্নিচার বাকীতে ক্রয় করে অস্বাভাবিক বিলম্বে ০৬-০৮-২০১২ তারিখে মূল্য পরিশোধ করা, গত ০৭-০৮-২০১২ তারিখ সকালে মৌলভীবাজার মডেল থানা হতে একজন এসআই ও তিন জন কনস্টেবলসহ ঢাকায় এসে রামপুরা পুলিশ ফাঁড়ির এএসআই শাহ আলমসহ সঙ্গীয় ফোর্স ও অভিযোগকারীর ফ্ল্যাট এর সিকিউরিটি গার্ড এর সহায়তায় অভিযোগকারীর বাসা হতে কোন মামলা ছাড়াই গ্রেফতার করা, ডাঃ সৈয়দা রাজিয়া সুলতানা কর্তৃক মৌলভীবাজার মডেল থানায় ধর্ষণ মামলা নং ১১(৮) ২০১২ ও চাঁদাবাজি মামলা নং ১২(৮) ২০১২ রুজু করেন। অভিযোগে উল্লিখিত গত ২০-০৮-২০১০ তারিখে বাদীনিকে ধর্ষণের ঘটনা ঘটালেও দীর্ঘ দুই বৎসর পর মামলা দায়ের এবং ঘটনার ১৮ (আঠার) দিন পর চাঁদাবাজি এবং হত্যার উদ্দেশ্যে মারধরের ০২টি মামলা দায়ের করার বিলম্বের কারণ ভালভাবে জিজ্ঞাসাবাদের মাধ্যমে উদ্‌ঘাটনপূর্বক এজাহারে সম্পৃক্ত করার ব্যবস্থা গ্রহণ না করা এবং সাক্ষীকে তদন্তকারী অফিসারগণ অনুসন্ধানকালে ঘটনার বিষয়ে জিজ্ঞাসাবাদ না করেই অভিযোগপত্র দেয়া যায় এমন মনগড়া জবানবন্দী নিজে লিখে ডায়রীর সহিত সংযুক্ত করা।

উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে তার বিরুদ্ধে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৪৪.০০.০০০০.০৯৪.০২.০৫৬.১৩-৮৮১/১, তারিখ: ১৯-০৯-২০১৩ মূলে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারি করে অত্র মন্ত্রণালয়ের ১৩-০৪-২০১৪ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪.০২.০৫৬.১৩-২৮৯ সংখ্যক আদেশমূলে জনাব মোঃ রওশনুজ্জমান সিদ্দিকী, অতিরিক্ত পুলিশ সুপার, মৌলভীবাজার-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা তার তদন্ত প্রতিবেদনে অভিযোগসমূহ সত্য বলে প্রতীয়মান হয়েছে উল্লেখ করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। পরবর্তীতে তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের বিষয়ে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালায় ১৯৮৫ এর ১০(৮) বিধি মোতাবেক প্রত্যেকটি অভিযোগ সম্পর্কে সুস্পষ্ট মতামত (অভিযোগ প্রমাণিত বা প্রমাণিত হয় নাই) প্রদানের জন্য ০১-১২-২০১৬ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪.০২.০৫৬.১৩ (অংশ)-১৪৪২ সংখ্যক স্মারকমূলে তদন্তকারী কর্মকর্তাকে পুনরায় অনুরোধ করা হয়। তদন্তকারী কর্মকর্তা উক্ত অভিযোগ সংক্রান্তে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালায় ১৯৮৫ এর ৭(৪), ৭(১০) এবং ১০ নং বিধির বিধান অনুসারে যথাযথভাবে তদন্ত করে অভিযোগ প্রমাণিত হয়নি মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

২। যেহেতু, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা করে দেখা যায় যে, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ আলমগীর হোসেন এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হয়নি।

৩। সেহেতু, জনাব মোঃ আলমগীর হোসেন এর বিরুদ্ধে উক্ত বিধিমালার ৩(এ) ও ৩(বি) বিধানমতে আনীত অভিযোগসমূহের দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল উদ্দিন আহ্‌মেদ**
সচিব।

---

## আইন-২ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ১৫ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/২৯ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৩.১৭(অংশ-১)-৩৪৭**—যাত্রাবাড়ী থানার মামলা নং-৩০, তারিখ: ০৮-০২-২০১৭ খ্রিঃ {ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৮-৯-১৩} এ গত ০৮-০২-২০১৭ খ্রিঃ তারিখে যাত্রাবাড়ী থানাধীন মীর-হাজিরবাগ আবু হাজীর মসজিদ মাদ্রাসা সংলগ্ন রাস্তায় বড় ধরনের নাশকতা এবং চাঞ্চল্যকর হত্যার ঘটনা সংঘটনের উদ্দেশ্যে জমায়েত হবে এরূপ সংবাদের ভিত্তিতে পুলিশ উক্ত স্থানে উপস্থিত হয়। পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর সময় মোঃ আতাউর রহমান (২২) ও মোঃ আব্দুল হাদি (১৯) কে আটক করা হয়। তাদের কাছ হতে প্রাপ্ত জব্দকৃত আলামত-বিভিন্ন ধরনের জিহাদী বই ও সিমসহ মোবাইল সেট ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জেএমবি সংগঠনের সক্রিয় সদস্য। তারা রাষ্ট্র বিরোধী সন্ত্রাসী কর্মকাণ্ড সংগঠনের উদ্দেশ্যে অর্থ দাতাদের নিকট হতে অর্থ গ্রহণ করে এবং সন্ত্রাসী কর্মকাণ্ডকে প্ররোচিত ও উৎসাহিত করার জন্য বিভিন্ন মাধ্যমে যোগাযোগ করার অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১২ ও সংশোধনী-২০১৩) এর ৪০(২) ধারামতে এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৭-৩৫২**—খুলশী থানার মামলা নং-১০, তারিখ: ১৭-০৩-২০১৫ খ্রিঃ {ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ৬/১২} এ অভিযুক্ত আসামীরা দেশের পরিবেশ পরিস্থিতি অস্থিতিশীল করা লক্ষ্যে পেট্রোল বোমা নিক্ষেপ করে বিস্ফোরণ ঘটিয়ে সম্পত্তি বিনষ্ট করার অপরাধে জড়িত। তদন্তে আসামীদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১২ ও সংশোধনী-২০১৩) এর ৪০(২) ধারামতে এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৬.১৭-৩৫৪**—রাজশাহী জেলার গোদাগাড়ী থানার মামলা নং-৩৩, তারিখ: ২৭-০২-২০১৭ খ্রিঃ {ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৮/৯(৩)/১০/১১/১৩} এ গত ২৬-০২-২০১৭ খ্রিঃ তারিখে রাজশাহী জেলার গোদাগাড়ী থানাধীন কাকনহাট রেলস্টেশনের উত্তর পার্শ্বে কতিপয় দুস্কৃতিকারী জেএমবি এর সদস্য মিলিত হয়ে সরকারের বিরুদ্ধে সন্ত্রাসী কার্যকলাপ ও সরকার উৎখাতে যুব সমাজকে উৎসাহ ও প্ররোচনাদানের জন্য অবস্থান করছে এরূপ সংবাদের ভিত্তিতে র‌্যাব উক্ত স্থানে উপস্থিত হয়। র‌্যাবের উপস্থিতি টের পেয়ে পালানোর সময় আসামী মোঃ আনছার আলী @ আমছার @ তালহা @ মামুন (৩৬) কে আটক করা হয। তার কাছ হতে প্রাপ্ত জব্দকৃত আলামত-বিভিন্ন ধরনের জিহাদী বই ও কাপড় ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা জেএমবি সংগঠনের সক্রিয় সদস্য। তারা রাষ্ট্র বিরোধী সন্ত্রাসী কর্মকাণ্ড প্ররোচিত করার অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১২ ও সংশোধনী-২০১৩) এর ৪০(২) ধারামতে এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হ'ল।

তারিখ: ২০ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/০৪ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৩.১৭-৩৬০**—কোতয়ালী থানার মামলা নং-১৯(০১)১৭, তারিখ: ১৭-০১-২০১৭ খ্রিঃ {ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/১৩) এর ৬/(২)(ঈ)/৮/৯(১)/১০} এ আসামী জেএমবি এর সদস্য হয়ে জিহাদী বই ও লিফলেট বিলিসহ ষড়যন্ত্রপূর্বক শক্তি প্রদর্শনের মাধ্যমে সমর্থন আদায়ের জন্য দেশের জনগণের জানমাল ও সম্পত্তির ক্ষতিসাধনসহ জনমনে আতংক সৃষ্টি করার অপরাধে জড়িত তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১২ ও সংশোধনী-২০১৩) এর ৪০(২) ধারামতে এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৩.১৭-৩৬১**—উত্তরা পশ্চিম থানার মামলা নং-০৬, তারিখ: ০৫-০১-২০১৭ খ্রিঃ {ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী, ২০১৩) এর ৮/৯/১২/১৩} এ গত ০৪-০১-২০১৭ খ্রিঃ তারিখে উত্তরা পশ্চিম থানাধীন রোড নং-০৪, বাড়ী নং-৩৬ এর ৩য় তলার পূর্ব পার্শ্বে রুমের ভেতরে নিষিদ্ধ ঘোষিত হিযবুত তাহরীর একজন সদস্য সংগঠনের কার্যক্রম পরিচালনা করে আসছেন এরূপ সংবাদের ভিত্তিতে র‌্যাব উক্ত স্থানে উপস্থিত হয়। র‌্যাবের উপস্থিতি টের পেয়ে পালানোর সময় আসামী ফাহাদ বিন মাহমুদ (৩২)কে আটক করা হয। তার কাছ হতে প্রাপ্ত জব্দকৃত আলামত-বিভিন্ন ধরনের জিহাদী বই ও লিফলেট ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামী "হিযবুত তাহরীর" একজন সক্রিয় সদস্য। তিনি মুদ্রণকৃত রাষ্ট্র বিরোধী লেখা সম্বলিত বই ও লিফলেট বিলির উদ্দেশ্যে হেফাজতে রেখে সন্ত্রাসী কর্মকাণ্ডে প্ররোচনা ও সহযোগিতা করার অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১২ ও সংশোধনী-২০১৩) এর ৪০(২) ধারামতে এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৩.১৭-৩৬২**—পল্টন থানার মামলা নং-০৭, তারিখ: ০৩-০৭-১৬ খ্রিঃ {ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী, ২০১৩) এর ৮/৯/১৩} এ নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন হিযবুত তাহরীর এর ১০/১২ জন সদস্য সরকার উৎখাতের ষড়যন্ত্রে বিভিন্ন পোস্টার ও বই নিয়ে ৫৫/বি পুরানা পল্টনস্থ নোয়াখালী টাওয়ারের বিপরীত পার্শ্বে রমনা ভূমি অফিসের কোনায় রাস্তার উপর সমবেত হচ্ছে এরূপ সংবাদের ভিত্তিতে পুলিশ ঘটনাস্থলে হাজির হয়। পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর সময় আসামী মোঃ আরিফ উদ্দিন (৪১)কে আটক করা হয়। তদন্তে সন্দিগ্ধ ও ঘটনার সাথে জড়িত আসামী মোঃ আল ইনছান (৩০) কে গ্রেফতার করা হয়। প্রাথমিকভাবে আসামীরা নিষিদ্ধ ঘোষিত সংগঠন হিযবুত তাহরীর এর সদস্য এবং সন্ত্রাসী কর্মকাণ্ডে প্ররোচিত করাসহ সরকার বিরোধী পোস্টার তৈরী ও প্রচারে জড়িত মর্মে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১২ ও সংশোধনী-২০১৩) এর ৪০(২) ধারামতে এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৩.১৭-৩৬৩**—মতিঝিল থানার মামলা নং-১০, তারিখ: ১২-০৪-১৬ খ্রিঃ {ধারা-১৯৫২ সালের পাসপোর্ট (অপরাধ) আইন এর ৩(চ)} এ গোপন সংবাদের ভিত্তিতে র‍্যাব সদস্যগণ ১১-০৪-২০১৬ খ্রিঃ তারিখে মতিঝিল থানাধিন ফকিরাপুল এলাকার পেপসি গলি ৬২/এ, হক ভিলার ৭ম তলার উত্তর পার্শ্বের ফ্ল্যাটে উপস্থিত হয়। র‍্যাবের উপস্থিতি টের পেয়ে পালানোর সময় আসামী মোঃ আক্তার হোসেন (২৭)কে আটক করা হয় এবং মোঃ নিজাম উদ্দিন (৩২) পালিয়ে যায়। তার দেখানো মতে কক্ষ তল্লাশি করে প্রাপ্ত জব্দকৃত আলামত-বিভিন্ন জাল ভিসা, পাসপোর্ট, সিল, কম্পিউটার ও নগদ টাকা ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা বিভিন্ন দেশের জাল কাগজপত্র ও জাল ভিসা তৈরী করে অবৈধভাবে বিদেশে লোক পাঠানোর মাধ্যমে অর্থ আত্মসাৎ ও প্রতারণামূলকভাবে হয়রানি করার অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগপত্র বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে পাসপোর্ট (অপরাধ) আইন, ১৯৫২ এর ৩(২) ধারামতে এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৩.১৭-৩৬৪**—ধানমন্ডি থানার মামলা নং-০৯, তারিখ: ১৯-১১-১৬ খ্রিঃ{ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৮/৯(২)} এ ওয়্যারলেস সংবাদের ভিত্তিতে ধানমন্ডি থানাধীন সাত মসজিদ রোডস্থ ধানমন্ডি ঈদগাহ জামে মসজিদের উত্তর পার্শ্বে ৭/এ রোডের কেএফসি সংলগ্ন রাস্তার উপর জনতা কর্তৃক ধৃত আদনান সাবিদ (১৯) কে গ্রেফতার করা হয়। জিজ্ঞাসাবাদে জানা যায় উক্ত ব্যক্তি জুম-আ-নামাজ শেষে নিষিদ্ধ ঘোষিত সংগঠন হিযবুত তাহরীর কর্তৃক প্রচারিত সরকার বিরোধী ২ পৃষ্ঠা ব্যাপি লিফলেট মুসল্লীদের নিকট বিলি করার সময় জনতা কর্তৃক ধৃত হয়। তদন্তে আসামী নিষিদ্ধ ঘোষিত সংগঠন হিযবুত তাহরীর এর সক্রিয় সদস্য এবং সরকার ও রাষ্ট্র বিরোধী লিফলেট প্রচার ও সন্ত্রাসী কর্মকান্ড প্ররোচিত ও সহায়তা করার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১২ ও সংশোধনী-২০১৩) এর ৪০(২) ধারামতে এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০২.১৭-৩৬৫**—আদাবর থানার মামলা নং-১৪(১১)১৬, তারিখ: ২৭-১১-১৬ খ্রিঃ{ধারা- সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী, ২০১৩) এর ৮/৯} এ আসামীরা নিষিদ্ধ ঘোষিত হিযবুত তাহরীর সংগঠনের সক্রিয় সদস্য এবং জিহাদী বই হেফাজতে রেখে গোপন সংগঠনের কার্যক্রম পরিচালনার অপরাধে জড়িত মর্মে তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১২ ও সংশোধনী-২০১৩) এর ৪০(২) ধারামতে এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১০.১৭-৩৬৬**—বগুড়া জেলার বগুড়া সদর থানার মামলা নং-১১৫, তারিখ: ২৮-০২-২০১৬ খ্রিঃ{ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৬(২) (ঈ)/১২} এ গত ২৮-০২-২০১৬ খ্রিঃতারিখে বগুড়া সদর থানাধীন নূরানী মোড়ে গোপন বৈঠকের মাধ্যমে সরকার বিরোধী জিহাদী বই বিতরণ, প্রচারনাসহ নাশকতার উদ্দেশ্যে রাষ্ট্রীয় সম্পত্তি ধ্বংসের লক্ষ্যে উস্কানি ও প্রচারণা চালাচ্ছে এরূপ সংবাদের ভিত্তিতে উক্ত স্থানে পুলিশ উপস্থিত হয় পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর সময় আসামী মোঃ মোস্তফা মোজাহিদ (৪১) সহ ০৭ জনকে আটক করা হয়। তাদের কাছ থেকে প্রাপ্ত জব্দকৃত আলামত-বিভিন্ন ধরনের বই, অক্সিজেন সিলিন্ডারসহ মাইক্রোবাস ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সরকার তথা রাষ্ট্র বিরোধী বই প্রচারের উদ্দেশ্যে নিজ হেফাজতে রেখে বহন করার অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১২ ও সংশোধনী-২০১৩) এর ৪০(২) ধারামতে এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৪(অংশ-১)-৩৬৭**—কুমিল্লা জেলার ব্রাহ্মণপাড়া থানার মামলা নং-২৭, তারিখ: ৩০-০৭-২০১৬ খ্রিঃ{ধারা- সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ১০} এ আসামীরা নাশকতা করার উদ্দেশ্যে সমবেত হয়ে পরিকল্পনা করার অপরাধে জড়িত মর্মে তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১২ ও সংশোধনী-২০১৩) এর ৪০(২) ধারামতে এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৪(অংশ-১)-৩৬৮**—কুমিল্লা জেলার নাঙ্গলকোট থানার মামলা নং-০৪, তারিখ: ২৪-০৭-২০১৬ খ্রিঃ{ধারা- সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ১০/১২} এ আসামীরা অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি, তথা নাশকতা ও সরকার বিরোধী কর্মকান্ড করার জন্য এবং নাশকতার পরিকল্পনার ষড়যন্ত্র ও সহায়তা করার অপরাধে জড়িত মর্মে তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১২ ও সংশোধনী-২০১৩) এর ৪০(২) ধারামতে এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হ'ল।

তারিখ: ২১ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/০৫ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১০.১৭-৩৮০**—বগুড়া জেলার কাহালু থানার মামলা নং-১৯, তারিখ: ২৪-০৬-২০১৬ খ্রিঃ{ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/১৩) এর ৬(২)(ঈ)/১২} এ গত ২৪-০৬-১৬ খ্রিঃ তারিখে কাহালু থানাধীন কাহালু সিদ্দিকিয়া সিনিয়র মাদ্রাসার টিনসেড পাকা ঘরের বারান্দায় কতিপয় লোকজন সরকার বিরোধী লিফলেট ও জিহাদী বই বিতরণসহ নাশকতার উদ্দেশ্যে রাষ্ট্রীয় সম্পদ ধ্বংসের লক্ষ্যে উস্কানি ও প্রচারণা চালাচ্ছে এরূর সংবাদের ভিত্তিতে পুলিশ উক্ত স্থানে উপস্থিত হয়। পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর সময় আসামী মোঃ মিজানুর রহমান প্রাং (৪১) ও মোঃ আব্দুল কাদের @ লেবু (৩৬) কে আটক করা হয়। তাদের হেফাজত হতে প্রাপ্ত জব্দকৃত আলামত-বিভিন্ন ধরনের জিহাদী বই, লিফলেট ও প্রাইভেটকার ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা রাষ্ট্রীয় সম্পদ ধ্বংসের উদ্দেশ্যে ঘটনাস্থলে গোপনে একত্রিত হয়ে উস্কানিমূলক প্রচারণা করার অপরাধে জড়িত। তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১২ ও সংশোধনী-২০১৩) এর ৪০(২) ধারামতে এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হ'ল।

তারিখ: ২৫ আষাঢ় ১৪২৪ বঃ/০৯ জুলাই ২০১৭ খ্রিঃ

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০৩.০০২.১৬-৩৮১**—বোয়ালিয়া মডেল থানার মামলা নং-৩০, তারিখ: ২৪-০৭-২০১৬ খ্রিঃ{ধারা- সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৬/১১/১২/১৩} এ আসামীরা জননিরাপত্তা বিপন্ন করার জন্য জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টি করার উদ্দেশ্যে পেট্রোল বোমা তৈরী ও উক্তরূপ ষড়যন্ত্র করার অপরাধে জড়িত মর্মে তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১২ ও সংশোধনী-২০১৩) এর ৪০(২) ধারামতে এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১২.১৭-৩৮৩**—ঝিনাইদহ জেলার ঝিনাইদহ সদর থানার মামলা নং-১৪, তারিখ: ১৬-১১-২০১৫ খ্রিঃ {ধারা-১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ১৫/১৬/২৫-ঘ তৎসহ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৬(১)(ত) (আ) (ই)/১০/১২} এ গত ১৬-১১-২০১৫ খ্রিঃ তারিখ বানিয়াকান্দর গ্রামের জনৈক নজরুল ইসলাম, পিতা-মৃত ইয়াকুব আলীর বাড়ীতে দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতির লক্ষ্যে বে-আইনী জনতাবদ্ধে অস্ত্রে-সস্ত্রে সজ্জিত হয়ে পেট্রোল বোমাদ্বারা ক্ষতি সাধন, সন্ত্রাসীকার্য সংঘটনের ষড়যন্ত্র ও সহায়তা করার লক্ষে ৩৫/৪০ জন জামায়াত ইসলামী বাংলাদেশ ও ছাত্রশিবিরের শীর্ষ নেতা কর্মীরা অবস্থান করছে এরূপ সংবাদের ভিত্তিতে পুলিশ উক্ত স্থানে উপস্থিত হয়। পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর সময় আসামী (১) মোঃ নজরুল ইসলাম (৩৮), পিতা-মৃত ইয়াকুব আলী ও (২) মোঃ ইউনুছ আলী (৫২), পিতা-মৃত তারিক মন্ডলকে আটক করা হয়। তাদের কাছ থেকে জব্দকৃত আলামত পেট্রোল ভর্তি কাচের বোতল ও বাঁশের লাঠি ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাসকার্য সংঘটনের ষড়যন্ত্র ও সহায়তার জন্য পেট্রোল বোমা নিজেদের হেফাজতে রাখার অপরাধে জড়ির মর্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১২ ও সংশোধনী-২০১৩) এর ৪০(২) ধারামতে এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৯.১৭-৩৮৪**—চান্দগাঁও থানার মামলা নং-৩১, তারিখ: ২৪-১১-২০১৬ খ্রিঃ{ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/১৩) এর ৮/৯/১০/১২/১৩} এ গত ২৪-১১-২০১৬ খ্রিঃ তারিখে চাঁন্দগাঁও থানাধীন বহদ্দারহাট সিটি কর্পোরেশন মার্কেটের বিভিন্ন দোকানে সরকার কর্তৃক নিষিদ্ধ ঘোষিত হিযবুত হাতরীর উলাইয়াহ এর কয়েকজন সদস্য রাষ্ট্র বিরোধী লিফলেট বিতরণকালে স্থানীয় লোকজনের সহায়তায় আসামী কাজী ফখরুদ্দিন @ দুলদুল (২৪) কে লিফলেটসহ আটক করা হয়। তার সঙ্গীয় আসামী (১) ফারুক (২৪) ও (২) শাহেদ (২৫) কৌশলে পালিয়ে যায়। ধৃত আসামীর দেহ তল্লাশী করে প্রাপ্ত জব্দকৃত আলামত-বিভিন্ন ধরনের লিফলেট ও মোবাইল ফোন ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা অপরাধ সংগঠনের চেষ্টা ও সন্ত্রাসী কর্মকান্ড সম্প্রসারিত করার উদ্দেশ্যে সরকারের বিরুদ্ধে বিভ্রান্তি ও উস্কানিমূলক বক্তব্যসহ ষড়যন্ত্রে লিপ্ত থাকার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১২ ও সংশোধনী-২০১৩) এর ৪০(২) ধারামতে এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৯.১৭-৩৮৫**—ডবলমুরিং থানার মামলা নং-১১, তারিখ: ১১-০৩-২০১৭ খ্রিঃ {ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/১৩) এর ৮/৯/১০/১১/১২/১৩} এ গোপন সংবাদের ভিত্তিতে গত ১১-০৩-২০১৭ খ্রিঃ তারিখে ডবলমুরিং মডেল থানাধীন দক্ষিণ পাহাড়তলী কাঁচা রাস্তার মাথা মসজিদ মার্কেটস্থিত জান্নাত লন্ড্রী এন্ড ড্রাই ক্লিনার্স নামীয় দোকানের সামনে থেকে আসামী মোঃ রাসেল (২১), পিতা-মোঃ মোফাজ্জল হোসেনসহ ১৭ জনকে আটক করা হয় এবং কয়েকজন লোক পালিয়ে যায়। তাদের হেফাজত হতে প্রাপ্ত জব্দকৃত আলামত-বিভিন্ন ধরনের জিহাদী বই ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাসী কর্মকান্ড প্রসারিত করার উদ্দেশ্যে নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন হিযবুত তাহরীর এর সদস্য হয়ে বিভ্রান্তিমূলক তথ্য সম্বলিত বই, পত্র দখলে রাখার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১২ ও সংশোধনী-২০১৩) এর ৪০(২) ধারামতে এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হ'ল।

তারিখ: ২৮ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/১২ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০২.০৪১.১৭-৩৯৫**—ঈশ্বরদী থানার মামলা নং-০৭, তারিখ: ৩১-১০-২০১৬ খ্রিঃ{ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/১৩) এর ৬(২)/১০/১২/১৩} এ গত ০৩-১০-২০১৬ খ্রিঃ তারিখে ঈশ্বরদী থানাধীন শেখের দাইড় সাকিনে মোঃ সাইদুল ইসলাম জামায়াত ইসলামী শিবিরের সভাপতি এর বাড়িতে কিছু লোকজন সন্ত্রাসী কর্মকান্ড ও রাষ্ট্রীয় সম্পত্তির ক্ষতি সাধনের জন্য একত্রিত হয়ে মিটিং করছে এরূপ সংবাদের ভিত্তিতে পুলিশ উক্ত স্থানে উপস্থিত হয়। পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর সময় আসামী (১) মোঃ সাইদুল ইসলাম (৩২), পিতা-মৃত রওশন আলী ও (২) আব্দুর রহিম (৬২), পিতা-মৃত হারুনুর রশিদকে আটক করা হয়। তাদের কাছ হতে জব্দকৃত আলামদ-বিভিন্ন ধরনের জিহাদী বই ইত্যাদি পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা দেশের অখন্ডতা, সংহতি জননিরাপত্তা ও সার্বভৌমত্ব বিপন্নসহ রাষ্ট্রের বিরুদ্ধে বিভিন্ন কার্যকলাপ এবং রাষ্ট্রীয় সম্পত্তির ক্ষতি সাধন করার অপরাধে জড়িত মর্মে তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী-২০১২ ও সংশোধনী-২০১৩) এর ৪০(২) ধারামতে এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তাহ্‌মিনা বেগম**
উপসচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**(সরকারি মাধ্যমিক-১)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ/১০ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

নং **৩৭.০০.০০০০.০৭১.০০৩.০১২.১৬-৭৭১**—১০ আগস্ট, ২০১৭ খ্রিস্টাব্দ/২৬ শ্রাবণ, ১৪২৪ বঙ্গাব্দ তারিখ হতে নিম্নবর্ণিত ০৩ (তিন) টি মাধ্যমিক বিদ্যালয়কে সরকারিকরণ করা হলো :

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা |
|---|---|
| ১. | নাচোল খ. ম. উচ্চ বালিকা বিদ্যালয়, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ। |
| ২. | বড়গাছী উচ্চ বিদ্যালয়, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ। |
| ৩. | ভেড়ামারা পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়, ভেড়ামারা, কুষ্টিয়া। |

২। এ শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত কোন শিক্ষক অন্যত্র বদলি হতে পারবেন না।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু আলী মোঃ সাজ্জাদ হোসেন**
উপসচিব।